# আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১১৫৪

সভা-সমাবেশ ও তার রীতিনীতি

পরিচ্ছেদঃ ৫৪১- মজলিসে লোকজনের ঘাড় টপকিয়ে সভাপতির নিকট গমন।

بَابُ يَتَخَطَّى إِلَى صَاحِبِ الْمَجْلِسِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلاَمٍ، قَالَ: أَخْبَرَنَا عَبْدَةُ، عَنِ ابْنِ أَبِي خَالِدٍ، عَنِ الشَّعْبِيِّ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو، وَعِنْدَهُ الْقَوْمُ جُلُوسٌ، يَتَخَطَّى إِلَيْهِ، فَمَنَعُوهُ، فَقَالَ: اتْرُكُوا الرَّجُلَ، فَجَاءَ حَتَّى جَلَسَ إِلَيْهِ، فَقَالَ: أَخْبِرْنِي بِشَيْءٍ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ: الْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ، وَالْمُهَاجِرُ مَنْ هَجَرَ مَا نَهَى اللَّهُ عَنْهُ.

বাংলা

১১৫৪। শাবী (রহঃ) বলেন, এক ব্যক্তি আবদুল্লাহ ইবনে আমর (রাঃ)-র নিকট এলো। তার নিকট একদল লোক বসা ছিল। সে তাদের ডিঙ্গিয়ে তার নিকট যেতে থাকলে তারা তাকে বাধা দেয়। তিনি বলেন, তোমরা তাকে বাধা দিও না। সে এসে তার নিকট বসার পর বলে, আপনি আমাকে এমন কিছু অবহিত করুন যা আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট শুনেছেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ “যার হাত ও মুখের অনিষ্ট থেকে মুসলিমরা নিরাপদ থাকে সে-ই হলো প্রকৃত মুসলিম। আর যে ব্যক্তি আল্লাহর নিষিদ্ধ বিষয়সমূহ পরিহার করে সে-ই হলো প্রকৃত মুহাজির”। -(বুখারী, মুসলিম, আবু দাউদ, নাসাঈ, দারিমী, ইবনে হিব্বান, আহমাদ)

## English

Ash-Sha'bi said, "A man came to 'Abdullah ibn 'Amr when there were some people sitting with him. He stepped over them in order to reach him. They stopped him and 'Abdullah said, 'Leave the man.' He approached until he sat with him and then said, 'Tell me something which you heard from the Messenger of Allah, may Allah bless him and grant him peace.' 'Abdullah said, 'I heard the Messenger of Allah, may Allah bless him and grant him peace, say, "A Muslim is the one from whose tongue and hand the Muslims

are safe. An emigrant (muhajir) is someone who abandons what Allah has forbidden.""

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=46538

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন